

**AKASHVANI(Kolkata)**  
**Regional News Unit**

**Date: 15/12/202**

**Time: 7.50 PM**

**DEO: KB**

**Desk in Charg :-**

**Editing & Compiling :- DSS**

**NRT : DSS**

**Announcement :-** আকাশবাণী / খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবর -

১/ রাজ্যে ভোটের তালিকায় বিশেষ নিবিড় সংশোধন কর্মসূচী SIR প্রক্রিয়ায় খসড়া ভোটের তালিকা প্রকাশিত হবে আগামীকাল।

২/ সল্টলেকের যুবভারতী ক্রীড়াঙ্গণে, লিওনেল মেসিকে ঘিরে গন্ডগোল ও ভাংচুরের ঘটনায় পুলিশ পাঁচজনকে গ্রেপ্তার করেছে। # বিজেপি, এই ঘটনায় নিরপেক্ষ তদন্তের দাবী জানিয়েছে।

৩/ রাজ্যের বিশ্ববিদ্যালয়গুলিতে আচার্য হিসেবে রাজ্যপালের পরিবর্তে মুখ্যমন্ত্রীকে নিয়োগ করার প্রস্তাব সম্বলিত একটি সংশোধনী বিল রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু , খারিজ করে দিয়েছেন।

৪/ উত্তর ২৪ পরগনার অশোকনগরে যে প্রাকৃতিক তেল ও গ্যাসের ভান্ডারের সন্ধান মিলেছে, তার সম্ভাব্য আর্থিক মূল্য প্রায় ৪৫ হাজার কোটি টাকা বলে কেন্দ্রীয় পেট্রোলিয়াম মন্ত্রী হরদীপ সিং পুরী জানিয়েছেন।

৫/ পৌষ সংক্রান্তি উপলক্ষ্যে আসন্ন গঙ্গাসাগর মেলায় ভিড় নিয়ন্ত্রনে রাজ্য সরকার স্বেচ্ছাসেবকদের উপযুক্ত প্রশিক্ষণ দিয়ে সেখানে পাঠানোর সিদ্ধান্ত নিয়েছে।

৬/ পানিহাটি পৌরসভার ৮ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর অনুপম দত্ত-কে খুনের ঘটনায় আজ রায় ঘোষণা করেছে ব্যারাকপুর আদালত।

\*\*\*\*\*

রাজ্যে ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন কর্মসূচী SIR প্রক্রিয়ায় রাজ্যে খসড়া ভোটার তালিকা প্রকাশিত হবে আগামীকাল। নির্বাচন কমিশন সূত্রে জানা গেছে, গতকাল থেকেই তালিকা ছাপানোর কাজ শুরু হয়েছে। আজ রাতের মধ্যেই সরকারি ছাপাখানা থেকে তালিকা ছাপিয়ে নেওয়া হবে। মহকুমা উন্নয়ন আধিকারিক SDO, ব্লক উন্নয়ন আধিকারিক BDO ও জেলাশাসকের দফতরে এই খসড়া ভোটার তালিকা টাঙানো থাকবে। পাশাপাশি তা পাওয়া যাবে কমিশনের ওয়েবসাইটেও। এই খসড়া তালিকা প্রকাশের কয়েক দিনের মধ্যেই শুরু হবে শুনানি প্রক্রিয়া।

বিডিও, এসডিও, জেলাশাসক বা স্থানীয় সরকারি অফিসে শুনানি হতে পারে। প্রতিটি বিধানসভা এলাকায় একজন ইআরও এবং দশজন সহকারী ইআরও থাকবেন। দিনে সর্বাধিক একশোটি শুনানি নেওয়ার ব্যবস্থা থাকবে। শুনানিতে জমা পড়া সমস্ত নথি এবং ইআরও-এইআরওদের সিদ্ধান্ত ডিজিটাইজ করা হবে। সেই সঙ্গে তথ্য ও সিদ্ধান্তের বৈধতা তাৎক্ষণিকভাবে অডিট করা হবে। এদিকে, খসড়া তালিকা প্রকাশ হলেও তথ্য খতিয়ে দেখার কাজ বন্ধ হচ্ছে না।

আমাদের প্রতিনিধি জানাচ্ছেন ( ভি সি অভিরূপ )

পরিচয় ও নাগরিকত্ব প্রমাণের জন্য কেন্দ্র বা রাজ্য সরকারের দেওয়া পরিচয়পত্র, জন্ম শংসাপত্র, পাসপোর্ট, শিক্ষাগত শংসাপত্র, স্থায়ী বাসিন্দা শংসাপত্র, সরকারি জমি-বাড়ির নথি প্রভৃতি গ্রহণযোগ্য হবে। আধার শুধুমাত্র সচিত্র পরিচয়পত্র হিসেবে ব্যবহার করা যাবে, তার সঙ্গে অন্য নথি লাগবে। প্রতিটি বাদ পড়া নাম আলাদা তালিকায় কারণ-সহ নথিভুক্ত থাকবে।

উল্লেখ্য, গত ২৭-শে অক্টোবর রাজ্যে এস আই আর-এর দিনক্ষণ ঘোষণা করে নির্বাচন কমিশন। তখন পর্যন্ত রাজ্যে মোট ভোটদাতার ছিল ৭-কোটি ৬৬ লক্ষ ৩৭ হাজারের বেশি।

এদিকে, ত্রুটি মুক্ত তালিকা তৈরিতে সর্বকম সাবধানতা অবলম্বন করছে নির্বাচন কমিশন। ভোটারদের জমা পড়া এনুমারেশন তথ্য যাচাই-এর কাজ চলছে যুদ্ধকালীন তৎপরতায়।

\*\*\*\*\*

ভোটের তালিকায় বিভিন্ন অনিয়মের অভিযোগ খতিয়ে দেখতে নির্বাচন কমিশনের রোল অবজারভার স্মিতা পাণ্ডে আজ পশ্চিম বর্ধমানের বিভিন্ন ব্লক পরিদর্শন করেন। কথা বলেন স্থানীয় বাসিন্দাদের সঙ্গেও।

তিনি সালানপুর ব্লকের কেশর ডি আদবাসী পাড়া, চিত্তরঞ্জন ব্লক ও বারাবনি ব্লকের মোহনপুর সহ একাধিক জায়গা ঘুরে দেখে সঠিক নাম তোলা ও এনুমারেশন ফর্ম পূরণ সহ বিভিন্ন বিষয় সরেজমিনে খতিয়ে দেখেন তিনি।

\*\*\*\*\*

সল্টলেকের যুবভারতী ক্রীড়াঙ্গণে, বিশ্বখ্যাত ফুটবলার লিওনেল মেসিকে ঘিরে গন্ডগোল ও ভাংচুরের ঘটনায় পুলিশ পাঁচজনকে গ্রেপ্তার করেছে। CCTV ফুটেজ খতিয়ে দেখে শুভ্র- প্রতীম দে, গৌরব বসু, সঞ্জয় দাস, বাসুদেব দাস ও অভিজিৎ দাস নামে এই পাঁচজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। ধৃতদের আজ বিধাননগর আদালতে তোলা হলে ২২ শে ডিসেম্বর পর্যন্ত জেল হেফাজতে পাঠানো হয়।

এদিকে, ওই গন্ডগোলের ঘটনায় কলকাতা হাইকোর্টে তিনটি জনস্বার্থ মামলা দায়ের হয়েছে। এর মধ্যে একটি মামলা দায়ের করেছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারি, অন্যটি আইনজীবী সব্যসাচী চট্টোপাধ্যায় এবং আরেকটি আইনজীবী মৈনাক ঘোষাল।

বিরোধী দলনেতার আইনজীবী বিল্লদল ভট্টাচার্য, ঘটনার নিরপেক্ষ তদন্তের আবেদন জানিয়ে মামলা দায়ের করেছেন। অন্যদিকে, আইনজীবী সব্যসাচী চট্টোপাধ্যায়, রাজ্য সরকার অবসরপ্রাপ্ত বিচারপতিকে নিয়ে যে তদন্ত কমিটি গঠন করেছে, তার এজিয়ার নিয়ে প্রশ্ন তুলেছেন। এব্যাপারে আদালতের হস্তক্ষেপের আর্জি জানিয়েছেন তিনি।

আরেকটি জনস্বার্থ মামলায় আইনজীবী মৈনাক ঘোষাল, যেহেতু এক্ষেত্রে আর্থিক তহরুপ হয়েছে, তাই ইডি ও সিবিআই-কে তদন্তের দায়িত্ব দেওয়ার আবেদন জানিয়েছেন। এছাড়া, দর্শকদের টাকা ফেরত এবং আয়োজক সংস্থাকে স্টেডিয়ামের ক্ষয়ক্ষতি সংক্রান্ত টাকা দেবারও দাবী জানিয়েছেন।

উল্লেখ্য, ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি সুজয় পাল ও বিচারপতি পার্থসারথী সেনের ডিভিশন বেঞ্চে এই মামলাগুলি দায়ের হয়েছে।

\*\*\*\*\*

বিজেপি, যুবভারতী ক্রীড়াঙ্গণের ঘটনায় নিরপেক্ষ তদন্তের দাবী জানিয়েছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারি এই নিয়ে এক মামলা দায়ের করে বলেন, পুলিশের হাতে তদন্তের দায়িত্ব রাখা যাবেনা। তাই তিনি আদালতের দ্বারস্থ হয়েছেন।

( বাইট- শুভেন্দু )

শুভেন্দু অধিকারীর অভিযোগ, ২০ টাকার জলের বোতল ২০০ টাকায় বিক্রি করা হয়েছে, কিন্তু এই বিক্রেতারার রাজ্যের মন্ত্রী অরূপ বিশ্বাস ও সুজিত বসুর ঘনিষ্ঠ হওয়ায় পুলিশ এদের গ্রেপ্তার করবে না। মন্ত্রীদের গ্রেপ্তার না করে, দর্শকদের কেনো গ্রেপ্তার করা হচ্ছে, সে প্রশ্নও তোলেন তিনি।

এদিকে, যুবভারতীর ঘটনার প্রতিবাদে দক্ষিণ কলকাতা জেলা কংগ্রেস কমিটি আজ হাজারা মোড়ে বিক্ষোভ দেখায়। কমিটির সভাপতি প্রদীপ প্রসাদ, প্রশাসনিক ব্যৱরথতা স্বীকার করে দুই মন্ত্রী অরূপ বিশ্বাস ও সুজিত বসুকে পদত্যাগ এবং দর্শকদের টিকিটের দাম ফেরত দেবার'ও দাবী জানিয়েছেন। তিনি বলেন, আয়োজক সংস্থার শতদ্রু দণ্ডকে শুধু গ্রেফতার করলে হবেনা, যারা যারা এই গাফিলতির সঙ্গে যুক্ত তাদের প্রত্যেককে খুঁজে বের করে শাস্তি দিতে হবে। এই ব্যর্থতাকে অত্যন্ত লজ্জাজনক বলেও মন্তব্য করেন তিনি।

\*\*\*\*\*

রাজ্যের বিশ্ববিদ্যালয়গুলিতে আচার্য হিসেবে রাজ্যপালের পরিবর্তে মুখ্যমন্ত্রীকে নিয়োগ করার প্রস্তাব সম্বলিত একটি সংশোধনী বিল রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু , খারিজ করে দিয়েছেন। লোকভবন সূত্রে খবর, বিধানসভায় গৃহীত হওয়ার পর ২০২৪ সালের ২০ এপ্রিল রাজ্যপাল ওই বিলটি রাষ্ট্রপতির বিবেচনার জন্য সংরক্ষিত করেছিলেন। একই দিনে আলিয়া বিশ্ববিদ্যালয় (সংশোধনী) বিলটিও রাষ্ট্রপতির কাছে পাঠানো হয়। ওই

বিলেও রাজ্যপালের পরিবর্তে মুখ্যমন্ত্রীকে বিশ্ববিদ্যালয়ের আমির-ই-জামিয়া বা আচার্য করার প্রস্তাব ছিল। বিল দুটি ফেরত পাঠিয়ে রাষ্ট্রপতি ভবনের তরফে অনুমোদন না দেওয়ার কথা জানানো হয়েছে। ফলে সংশ্লিষ্ট বিল দুটিকে আইন হিসেবে কার্যকর করা যাবে না।

\*\*\*\*\*

এই সপ্তাহ থেকে প্রতি মঙ্গল ও বৃহস্পতি রাত আটটা এবং বুধ রাত সাড়ে ৯টায় শোনা যাবে বিশেষ অনুষ্ঠান – আজকের প্রসঙ্গ। আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি সম্প্রচারিত হবে গীতাঞ্জলি ও ডিটিএইচ বাংলা পরিষেবায়। এটি আমাদের সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মেও পাওয়া যাবে।

\*\*\*\*\*

উত্তর ২৪ পরগনার অশোকনগরে যে প্রাকৃতিক তেল ও গ্যাসের ভান্ডারের সন্ধান মিলেছে, তার সম্ভাব্য আর্থিক মূল্য প্রায় ৪৫ হাজার কোটি টাকা বলে কেন্দ্রীয় পেট্রোলিয়াম মন্ত্রী হরদীপ সিং পুরী জানিয়েছেন। এই আবিষ্কার রাজ্য ও দেশের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে।

রাজ্যসভায় বিজেপি সাংসদ শমীক ভট্টাচার্য-এর এক প্রশ্নের জবাবে আজ কেন্দ্রীয় মন্ত্রী একথা জানান। হরদীপ পুরী জানিয়েছেন, পশ্চিমবঙ্গ সরকারের সঙ্গে এ মাসের ১০ ও ১২ তারিখ কেন্দ্রের চিঠি আদানপ্রদান হয়েছে। কয়েক সপ্তাহের মধ্যেই বলা যাবে যে, কবে থেকে তেল তোলা যাবে। পেট্রোলিয়াম মন্ত্রী জানান, ONGC ইতমধ্যেই অশোকনগরে ১ হাজার কোটি টাকা বিনিয়োগ করেছে। সেখানে ২৪ কোটি ব্যারেল তেল রয়েছে। এর ৩০ শতাংশও যদি তোলা যায়, তাহলে তার মূল্য দাঁড়াবে ৪৫ হাজার কোটি টাকা।

ONGC জানিয়েছে, রাজ্য সরকার আর একটু সহযোগিতা করলে কাজ এতদিনে শুরু হয়ে যেত। তারা অশোকনগর ছাড়াও উত্তর ২৪ পরগনায় ১৩টি, দক্ষিণ ২৪ পরগনায় ৩টি, নদিয়ায় ১টি এবং পূর্ব ও পশ্চিম মেদিনীপুরে মোট ৫টি খনন ক্ষেত্র হিসেবে চিহ্নিত করেছে।

\*\*\*\*\*

বাংলাদেশের বিজয় দিবস উদযাপনে কলকাতার লোকভবনে আজ এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। বিজয় দিবসের প্রাক্কালে এই অনুষ্ঠানে বাংলাদেশের একাধিক মুক্তিযোদ্ধা, তাঁদের পরিবারের সদস্য ও সেনাবাহিনীর প্রতিনিধিদের সম্মান জানান রাজ্যপাল সিভি আনন্দ বোস। গভীর শ্রদ্ধা ও কৃতজ্ঞতার সঙ্গে বাংলাদেশের বীর মুক্তিযোদ্ধাদের আন্তরিক স্বাগত জানিয়ে রাজ্যপাল বলেন, তাঁদের সাহস, আত্মত্যাগ ও অটল সংকল্পের ফলেই ১৯৭১ সালে স্বাধীন বাংলাদেশের জন্ম হয়। রাজ্যপাল আরও বলেন, পশ্চিমবঙ্গ ও বাংলাদেশের সম্পর্ক- ভাষা, সংস্কৃতি ও ইতিহাসের গভীর বন্ধনে আবদ্ধ। মুক্তিযুদ্ধের সময় এই ভূখণ্ড লক্ষ লক্ষ মানুষকে আশ্রয় ও সহানুভূতি দিয়েছিল, যা আজও আমাদের গর্ব।

( বাইট- রাজ্যপাল )

উল্লেখ্য, মুক্তিযুদ্ধ শেষে ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর মুক্তিযোদ্ধাদের কাছে আত্মসমর্পণ করেছিল তৎকালীন পশ্চিম পাকিস্তান। জন্ম হয়েছিল স্বাধীন বাংলাদেশের। সেই থেকে এই দিনটি বাংলাদেশের বিজয় দিবস হিসেবে পালিত হচ্ছে।

\*\*\*\*\*

পৌষ সংক্রান্তি উপলক্ষ্যে আসন্ন গঙ্গাসাগর মেলায় ভিড় নিয়ন্ত্রনে রাজ্য সরকার স্বেচ্ছাসেবকদের উপযুক্ত প্রশিক্ষণ দিয়ে সেখানে পাঠানোর সিদ্ধান্ত নিয়েছে। পুন্যার্থীরা যাতে মেলায় না হারিয়ে যান সেই জন্যে তাদের রিস্ট ব্যান্ড ও পরিচয় পত্র দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ মেলার প্রস্তুতি নিয়ে মুখ্যসচিব, স্বরাষ্ট্রসচিব, পুলিশ, দমকল, পূর্ত, সেচ, বিদ্যুত সহ বিভিন্ন দপ্তরের সচিব, আধিকারিক, রেল, বিএসএনএল ও জেলা প্রশাসনের সঙ্গে বৈঠক করেন।

\*\*\*\*\*

প্রায় তিন বছর পর উত্তর ২৪ পরগণার পানিহাটি পৌরসভার ৮ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর অনুপম দত্ত খুনের ঘটনায় আজ রায় ঘোষণা করে ব্যারাকপুর আদালত।

বিচারক তিন অভিযুক্ত অমিত পন্ডিত, সঞ্জীব পন্ডিত এবং জিয়ারুল মন্ডলকে দোষী সাব্যস্ত করেন। অমিত পন্ডিত এর বিরুদ্ধে ৩০২ ধারার আওতায় সরাসরি খুনের মামলার পাশাপাশি অবৈধভাবে অস্ত্র রাখা ও ব্যবহার এবং সেই থেকে গুলি চালিয়ে খুন করার দায়ে দোষী সাব্যস্ত করা হয়েছে। ১৭ তারিখ এই তিনজনেরই সাজা ঘোষণা করা হবে ।

\*\*\*\*\*

ভারত-বাংলাদেশ আন্তর্জাতিক সীমান্তের কাছে বঙ্গোপসাগরে আজ ভোর রাতে একটি একটি মাছধরা ট্রলার ডুবে গেছে। ‘পারমিতা-১১’ নামে ওই ট্রলারের ১১ জন মৎস্যজীবীকে জীবিত উদ্ধার করা সম্ভব হয়েছে। তবে, পাঁচজন এখনো নিখোঁজ।

\*\*\*\*\*